

# নিজেকে HPV থেকে রক্ষা করতে HPV টিকা নিয়ে নিন

**HPV কী?** হিউম্যান প্যাপিলোমাভাইরাস (human papillomavirus, HPV) হল সবচেয়ে প্রচলিত যৌনবাহিত সংক্রমণ (sexually transmitted infection, STI) এবং ক্যানসার ও যৌনাঙ্গের আব হওয়ার কারণ।

**HPV কীভাবে ছড়ায়?** HPV ছকের-সাথে-ছকের ঘনিষ্ঠ সংস্পর্শের মাধ্যমে এবং যোনিপথে, পায়ুপথে সঙ্গম ও মৌখিক যৌনতার মাধ্যমে ছড়ায়। HPV সংক্রামিত একজন ব্যক্তির মধ্যে কোন রকম লক্ষণ বা উপসর্গ না-ও থাকতে পারে।

**আমার কটি টিকার ইনজেকশন নিতে হবে, এবং কখন সেগুলি নেওয়া উচিত?**

- 15 বছরের কম বয়সী কিশোর-কিশোরীদের এই টিকার দুটি ইনজেকশন অল্পত ছয় মাসের ব্যবধানে নিতে হবে।
- 15 বছর বা তার থেকে বেশি বয়সী কিশোর-কিশোরীদের এই টিকার তিনটি ইনজেকশন ছয় মাসের মধ্যে নিতে হবে।

**HPV টিকা কি নিরাপদ?** হ্যাঁ, এটি নিরাপদ এবং এটি HPV সংক্রমণ ও তার সঙ্গে সম্পর্কযুক্ত ক্যানসারের হাত থেকে রক্ষা করে।

**HPV টিকা আমি কোথায় পাব?** আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীর কাছে অথবা স্কুল-ভিত্তিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যান।

**আমার কি বাবা-মা বা অভিভাবকের সম্মতির প্রয়োজন আছে?** আপনি যদি যৌনস্বাস্থ্য সংক্রান্ত পরিষেবাগুলির খোঁজ করছেন, তাহলে আপনি HPV টিকা আপনার বাবা-মা বা অভিভাবকের সম্মতি ছাড়াই পেতে পারেন। আপনি যোগ্য কিনা তা জানার জন্য আপনার চিকিৎসা প্রদানকারীর সাথে কথা বলুন, অথবা টিকা নেবার জন্য আপনার বাবা-মা বা অভিভাবকের সাথে কথা বলুন।

আরও জানার জন্য [nyc.gov/health/hpv](http://nyc.gov/health/hpv) দেখুন।

10.22 Bengali

**NYC**  
Health